গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(www.mochta.gov.bd)

বিষয়: ১১ ডিসেম্বর ২০২১ আন্তর্জাতিক পর্বত দিবস উদযাপন উপলক্ষ্যে চূড়ান্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি : মোসাম্মৎ হামিদা বেগম
সচিব
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

সভার তারিখ : ২৯/১১/২০২১

সভার সময় : বেলা ১১.০০ টা

সভার স্থান : পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষ (ভবন নম্বর-৪, ৭ম তলা, কক্ষ নম্বর-৬১৯, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন) বলেন, আগামী ১১ ডিসেম্বর ২০২১ তারিখ পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে আন্তর্জাতিক পর্বত দিবস উদযাপন করা হবে। এ উপলক্ষ্যে বিগত ০৩/১০/২০২১ তারিখে একটি প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় (১) আলোচনা সভার আয়োজন (২) অনুষ্ঠানসূচি তৈরি ও আমন্ত্রিত অতিথিবৃন্দের তালিকা (৩) কেক কাটা ও আপ্যায়ন (৪) সাজসজ্জা (৫) ক্রোড়পত্র প্রকাশ (৬) ব্যয় এবং (৭) বিবিধ বিষয়ে আলোচনা হয়। তিনি চূড়ান্ত প্রস্তুতিমূলক সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনার সূত্রপাত করেন। আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্র: নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব/বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১। | আলোচনা সভার আয়োজন | অতিরিক্ত সচিব (প্রশাসন) বলেন, প্রতি বছর ১১ ডিসেম্বর আন্তর্জাতিক পর্বত দিবস যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়ে থাকে। আন্তর্জাতিক পর্বত দিবস উপলক্ষ্যে "**শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্স**"-এর সম্মেলন কক্ষে আলোচনা সভা আয়োজন করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনা সভায় স্বাগত বক্তব্য, মুখ্য আলোচক এবং আলোচক হিসেবে আমন্ত্রণ জানানোর বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | (১) আন্তর্জাতিক পর্বত দিবস উদযাপন উপলক্ষ্যে "**শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্স**"-এ সকাল ১১:০০ টায় আলোচনা সভার আয়োজন করতে হবে।<br>(২) উক্ত আলোচনা সভায় অতিরিক্ত সচিব (প্রশাসন) স্বাগত বক্তব্য প্রদান করবেন।<br>(৩) মুখ্য আলোচক হিসাবে উপস্থিত থাকবেন জনাব নব বিক্রম কিশোর ত্রিপুরা, এনডিসি মহোদয়।<br>(৪) আলোচক হিসাবে উপস্থিত থাকার জন্য পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সচিব মহোদয় জনাব মো: মোস্তফা কামাল, চ্যানেল আই (ইমপ্রেস টেলিফিল্ম এর প্রতিষ্ঠাতা পরিচালক)-এর জনাব মুকিত মজুমদার বাবু এবং ICIMOD -এর একজন প্রতিনিধি-কে আমন্ত্রণ জানাতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>যুগ্মসচিব (প্রশাসন)<br>উপসচিব (প্রশাসন-১)<br>উপসচিব (পরিষদ-২)<br>জনসংযোগ কর্মকর্তা |
| ০২। | অনুষ্ঠানসূচি তৈরি ও আমন্ত্রিত | অনুষ্ঠানসূচি তৈরি এবং আমন্ত্রিত অতিথিদের তালিকা তৈরির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | (১) অনুষ্ঠানসূচি তৈরি করতে হবে।<br>(২) আমন্ত্রিত অতিথিদের তালিকা তৈরি | (১) উপসচিব (প্রশাসন-১)<br>(২) উপসচিব (পরিষদ-২) |

| | | | | |
|---|---|---|---|---|
| | অতিথিবৃন্দের তালিকা | আমন্ত্রিত অতিথিদেরকে আমন্ত্রণ জানানোর জন্য কার্ড তৈরির বিষয়েও আলোচনা হয়। | করতে হবে।<br><br>(৩) বাংলাদেশ ট্যুরিজম বোর্ড-এর প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন-এর চেয়ারম্যান এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-এর চেয়ারম্যান ড. সন্তোষ কুমার দেব-কে আমন্ত্রণ জানাতে হবে। | উপসচিব (সমন্বয়-২)<br><br>(৩) উপসচিব (পরিষদ-২)<br>জনসংযোগ কর্মকর্তা |
| ০৩। | কেক কাটা ও আপ্যায়ন | আমন্ত্রিত অতিথিবৃন্দের উপস্থিতিতে কেক কাটা এবং তাদেরকে আপ্যায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | (১) মন্ত্রী মহোদয়ের অভিপ্রায় অনুযায়ী কেক কাটার বিষয়টি নির্ধারণ করা হবে।<br>(২) আমন্ত্রিত অতিথিদের আপ্যায়ন ও দুপুরের খাবারের ব্যবস্থা করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>যুগ্মসচিব (প্রশাসন)<br>উপসচিব (বা:/প্র:-২) |
| ০৪। | সাজসজ্জা | আন্তর্জাতিক পর্বত দিবস ২০২১ উপলক্ষ্যে "শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্স"-এ আলোকসজ্জার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br><br>শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্স সরেজমিন পরিদর্শনের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | (১) "শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্স"- এ আলোকসজ্জা এবং কমপ্লেক্স এর সম্মেলন কক্ষসহ অন্যান্য প্রয়োজনীয় স্থানে সাজসজ্জা করতে হবে।<br>(২) কমপ্লেক্স প্রাঙ্গন, অডিটোরিয়াম, VIP ওয়াশরুম ও অন্যান্য ওয়াশরুমসহ পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।<br>(৩) শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্সের LED মনিটরে পর্বত দিবসের সাথে সামঞ্জস্যপূর্ণ ছবি/ডকুমেন্টারী প্রদর্শন করতে হবে।<br><br>(৪) নিম্নোক্ত স্থানে ঝুলানো ফেস্টুন, ব্যানার ও বোর্ড স্থাপন করা যেতে পারে:<br><br>(ক) সচিবালয় মূল গেইট-এ বিল বোর্ড-২টি<br>(খ) শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্স-এ মূল ফটকে বিল বোর্ড-২টি<br>(গ) শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্স-এর জন্য ল্যান্ড স্ক্যাপ ব্যানার-১টি<br>(ঘ) সচিবালয় ৪ নম্বর ভবনে ঝুলানো ফেস্টুন ব্যানার-১টি<br>(ঙ) সচিবালয়ের ৩ ও ৫ নং ভবনের সংযোগস্থলে ব্যানার-১টি<br>(চ) সম্মেলন কক্ষের জন্য আলোচনা সভার ব্যাকড্রপ ব্যানার -১টি<br>(ছ) রোড বোর্ড ব্যানার-৪টি (১টি ওসমানী মিলনায়তনের সামনে এবং বেইলি রোডের পূর্ব পার্শ্বে- | (১) যুগ্মসচিব (উন্নয়ন)<br><br>(২) যুগ্মসচিব (উন্নয়ন)<br><br>(৩) উপসচিব (পরিকল্পনা-১)<br><br>(৪) উপসচিব (পরিষদ-২)<br>উপসচিব (সমন্বয়-২)<br>সিনিয়র সহকারী সচিব (পরিষদ-১)<br>বাংলাদেশ এ্যাডভেঞ্চার ক্লাব |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | ১টি , পশ্চিম পার্শ্বে ১টি ও মিনিস্ট্রিয়াল এ্যাপাটমেন্ট এর গেইটে-১টি)<br>(জ) রোড ডিভাইডারের এর জন্য বড় সাইজের ফেস্টুন ব্যানার-২৫টি<br>(ঞ) স্ট্যান্ড ফেস্টুন-২০টি<br>(ট) খামসহ আমন্ত্রণপত্র-৫০০টি<br><br>(৫) পর্বত দিবস উপলক্ষ্যে যে সকল ব্যানার/ফেস্টুন স্থাপন করা হবে সেগুলোর ডিজাইনে পর্বত দিবসের Theme ব্যবহার করতে হবে।<br>(৬) বাংলাদেশ এ্যাডভেঞ্চার ক্লাব যাবতীয় আমন্ত্রণ পত্র, বিল বোর্ড, ফেস্টুন, ব্যানার-এর ডিজাইন তৈরি করবেন এবং UNDP বিলবোর্ড, ফেস্টুন ও ব্যানার তৈরির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। জনাব এ এ মং উক্ত আমন্ত্রণ পত্র, ফেস্টুন, বিল বোর্ড ও ব্যানার-এর ডিজাইন UNDP এর নিকট পৌঁছানোর ব্যবস্থা করবেন।<br>(৭) বাংলাদেশ এ্যাডভেঞ্চার ক্লাব ইভেন্ট ম্যানেজমেন্ট এর দায়িত্ব পালন করবেন।<br>(৮) কমপ্লেক্সের সম্মেলন কক্ষ বেলুন, টিস্যু কাপড় ও অন্যান্য সামগ্রী দিয়ে সজ্জিত করবেন।<br><br>(৯) শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্স পরিদর্শন করে সাজসজ্জাসহ যাবতীয় খরচের বাজেট তৈরি করতে হবে। | <br><br><br><br><br><br>(৫) বাংলাদেশ এ্যাডভেঞ্চার ক্লাব<br><br>(৬) এ এ মং, UNDP-এর প্রতিনিধি<br>বাংলাদেশ এ্যাডভেঞ্চার ক্লাব<br><br>(৭) বাংলাদেশ এ্যাডভেঞ্চার ক্লাব<br><br>(৮) সিনিয়র সহকারী সচিব (পরিষদ-১)<br>বাংলাদেশ এ্যাডভেঞ্চার ক্লাব<br><br>(৯) উপসচিব (প্র:-১)<br>উপসচিব (বা:প্র:-২) |
| ০৫। | ক্রোড়পত্র প্রকাশ | আন্তর্জাতিক পর্বত দিবস ২০২১ উপলক্ষ্যে জাতীয় ও তিন পার্বত্য জেলার স্থানীয় দৈনিক পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশ করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | জাতীয় ও তিন পার্বত্য জেলার স্থানীয় দৈনিকে ক্রোড়পত্র প্রকাশ করতে হবে। | উপসচিব (বা:/প্র:-২)<br>জনসংযোগ কর্মকর্তা। |
| ০৬। | ব্যয় | আন্তর্জাতিক পর্বত্য দিবস ২০২১ উদযাপন উপলক্ষ্যে যাবতীয় ব্যয় মন্ত্রণালয়ের অনুষ্ঠান/উৎসবাদি খাত হতে নির্বাহের বিষয়ে আলোচনা হয়। | মন্ত্রণালয়ের অনুষ্ঠান/ উৎসবাদি খাত হতে অর্থ ব্যয় করতে হবে। | উপসচিব (বা:/প্র:-২)<br>প্রশা: কর্মকর্তা (বা:/প্র:-২) |
| ০৭। | বিবিধ | অতিরিক্ত সচিব (প্রশাসন) শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্স-এর সম্মেলন কক্ষের সাউন্ড সিস্টেম ঠিক আছে কিনা সে বিষয়ে পরীক্ষা করে করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপসচিব (পরিকল্পনা-১)-কে | (১) শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্সের সাউন্ড সিস্টেম পরীক্ষান্তে ব্যবহারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (১) উপসচিব (পরিকল্পনা-১) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | অনুরোধ জানান।<br>(২) সভাপতি **শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্স- এর** সম্মুখে স্থাপিত এলসিডি মনিটরে ভিডিও চিত্র প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপসচিব (পরিকল্পনা-১), সহকারী প্রোগ্রামার জনাব ওয়াহিদ পলাশ এবং আইসিটি স্পেশালিস্ট জনাব এ এ মং-কে নির্দেশনা প্রদান করেন। | (২) ভিডিও চিত্র প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে। | (২) উপসচিব (পরিকল্পনা-১)<br>সহকারী প্রোগ্রামার<br>জনাব এ এ মং। |

০২। সভায় আর কোন আলোচ্য বিষয় অবশিষ্ট না থাকায় সবাইকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

স্বাক্ষরিত/-
০১/১২/২০২১
(মোসাম্মৎ হামিদা বেগম)
সচিব
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

নং- ২৯.০০.০০০০.২১৩.২৩.০৪২.১৫-৬৮৩ তারিখঃ ০১/১২/২০২১ খ্রি:

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। অতিরিক্ত সচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২। যুগ্মসচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৩। উপসচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৪। মন্ত্রীর একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৫। সচিবের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। সিনিয়র সহকারী সচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৭। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৮। হিসাব রক্ষণ কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৯। জনসংযোগ কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১০। নির্বাহী পরিচালক, ব্র্যাক, ব্র্যাক সেন্টার, ৭৫ মহাখালী, ঢাকা-১২১২।
১১। নির্বাহী পরিচালক, পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র, প্রধান কার্যালয়, বাড়ি নং-৫৪৮, রোড নং-১০, বাইতুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।
১২। ILO, Country Director in Bangladesh, IDB Bhaban, Dhaka.
১৩। Country Director, Helen Keller International, Road no -82, House no-10/E, Gulshan-2.
১৪। Country Representative, FAO, Road no -8, House no-37, Dhanmondi, Dhaka.
১৫। Country Representative, UNDP, IDB Bhaban (17 Floor), Agargaon, Dhaka.
১৬। ন্যাশনাল প্রজেক্ট ম্যানেজার, এসআইড-সিএইচটি, আইডিবি ভবন (১৮ তলা) আগারগাঁও, ঢাকা।
১৭। নির্বাহী পরিচালক, মানুষের জন্য ফাউন্ডেশন, বাড়ি নং-২২, রোড নং-৪, ব্লক-এফ, বনানী, ঢাকা।
১৮। নির্বাহী পরিচালক, কারিতাস, ২ আউটার সার্কুলার রোড, জিপিও বক্স নং-৯৯৯, শান্তিবাগ, ঢাকা-১২১৭।
১৯। পরিচালক, বাংলাদেশ এ্যাডভেঞ্চার ক্লাব, বিজয় রাকিন সিটি, ফ্লট-১/২, ব্লক ডি, মিরপুর, সেকশন-১৫, ঢাকা-১২১৬।
২০। সহকারী প্রোগ্রামার/আইসিটি স্পেশালিস্ট, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে সভার নোটিশ প্রকাশের অনুরোধসহ)।

০১/১২/২০২১
(সজল কান্তি বণিক)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫২৫৪
Email: dsadmin@mochta.gov.bd